দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

64

# রাজশাহী শিক্ষা বোর্ডে কর্মবিরতি

রাজশাহী ব্যুরো ঃ রাজশাহী শিক্ষা বোর্ডে রোববার পূর্ণদিবস কর্মবিরতি পালন করা হয়। বোর্ডের সেক্রেটারী সূত্রে জানা গেছে, বোর্ডের কিছু ডেপুটেড পদ খালি হলে সেই পদগুলোতে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য থেকে পদোন্নতি দিয়ে পূরণের দাবীতে তারা এই ধর্মঘটের ডাক দেয়। বোর্ডের কর্মকর্তারা এই ধর্মঘটে যোগ দেন।

অন্যদিকে, রাজশাহী বোর্ড কর্মচারী ইউনিয়ন জানায়, তারা ৪ দফা দাবীতে শিক্ষা বোর্ডের সকল অফিসে অনির্দিষ্টকালের জন্য তালাবদ্ধ করে দিয়েছে। ইউনিয়নের দাবীগুলোর মধ্যে রয়েছে কর্মচারীদের পদোন্নতি, বোর্ডের নিজস্ব কম্পিউটার আনয়ন ও প্রেষণে নিয়োজিত অফিসারদের বোর্ড কর্মচারীদের মধ্য থেকে নির্বাচন ইত্যাদি। উল্লেখ্য, এসএসসি পরীক্ষার আসন্ন ফল প্রকাশের প্রারম্ভে এই ধর্মঘট পরীক্ষার্থী ও অভিভাবক মহলে উদ্বেগের সৃষ্টি করেছে। বোর্ড সূত্র আরও জানায়, আগামী ৮/৯ আগস্ট ঢাকা থেকে রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে।